



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।

ফোন : ০২৯৯৬৬০০৭২৬, ইমেইল- [sgovc@yahoo.com](mailto:sgovc@yahoo.com)

ওয়েবসাইট : [www.sugc.edu.bd](http://www.sugc.edu.bd)



তারিখ: ০৮/১২/২০২২ খ্রি.

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় প্রকাশিত ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তির নীতিমালা অনুযায়ী একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া ও অন্যান্য তথ্য নিম্নে উপস্থাপন করা হলো-

সুনামগঞ্জ সরকারি কলেজের EIIN নম্বর : 130051

শাখা ভিত্তিক আসন, ভর্তির নূন্যতম যোগ্যতা এবং অন্যান্য তথ্যাদি:

গ্রুপ	আসন সংখ্যা	নূন্যতম জিপিএ	ভার্সন	শিফট	শ্রেণি কার্যক্রম
বিজ্ঞান	৩০০ টি	৪.২৫	বাংলা	ডে	সহশিক্ষা
মানবিক	৪৫০টি	৩.৭৫	বাংলা	ডে	সহশিক্ষা
ব্যবসায় শিক্ষা	৩০০ টি	৩.৫০	বাংলা	ডে	সহশিক্ষা

### আবেদন প্রক্রিয়া:

ভর্তিচ্ছু শিক্ষার্থীকে অনলাইনে নিম্নে উল্লিখিত ওয়েবসাইট এর নির্দেশিকা অনুসরণ করে আবেদন করতে হবে:

[www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)

শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে কমপক্ষে ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

### ভর্তি নিশ্চায়ন সংক্রান্ত:

শিক্ষার্থী যে পর্যায়ে নির্বাচিত হবে (১ম, ২য় বা ৩য় পর্যায়), নির্বাচিত হওয়ার পর শিক্ষার্থীকে প্রাথমিক নিশ্চায়ন করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষাবোর্ড কর্তৃক নির্ধারিত ৩২৮/- (তিনশত আটশ) টাকা ফি নির্দেশনা অনুসারে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন ফি জমা দিতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর প্রাথমিক সিলেকশন বাতিল হয়ে যাবে।

১ম, ২য় বা ৩য় পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের কলেজে চূড়ান্ত ভর্তির পদ্ধতি, সময় ও ভর্তি ফি পরবর্তীতে কলেজ ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।


\*\* ভর্তি সংক্রান্ত যেকোন বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় অথবা সিলেট শিক্ষা বোর্ডের নির্দেশনা/সিদ্ধান্ত চূড়ান্ত বলে গৃহীত হবে।

প্রতিস্বাক্ষরিত;

  
০৮.১২.২০২২ খ্রি.

অধ্যক্ষ

সুনামগঞ্জ সরকারি কলেজ

  
০৮.১২.২২

আহবায়ক

একাদশ শ্রেণির ভর্তি কমিটি ২০২২-২৩